REG. NO. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

৬ষ্ঠ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৭এ ফাল্গুন বুধবার ১৩২৬, ইংরাজী 10th March 1920. | ২৭শ সংখ্যা।

## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




দর্পণ সাক্ষাতেই সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

## রমণীর সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বহু-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শুক্র নরমাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি।৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

## অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঔষধের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহাবিষ্ট! স্ত্রীস্বাস্থ্যগত ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক সন্তানক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষক হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সন্তান-কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে উহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৷০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৷৵০ নয় আনা।

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিদের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

**কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং**

**আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।**

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

## নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

১ মাত্রায় পরিচয়! এক দিবসে আরাম!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোক্কাই" বীজ নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র উহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও স্বাস্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল ভাল ঔষধের 'ভেল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। জাল হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পুঁজ যুক্ত খড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, অরুভাব, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত-পা-গা টাটান, গাঁট কন্ কন্ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় এমন কি প্রস্রাবসহ বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা শুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

## কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস) এম এ, এম, ডি,—এফ, আর, সি, এস—পি, এস, ডি—এস, এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এন, পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি এম, আর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এস, মুখং এম, ডি; (৭) আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এম, এ; (৯) ডাঃ এ, ফারমী, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি সি, বেজবড়ুয়া; এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি, পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২॥০; ছোট শিশি ১৸০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হাসং", কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৭এ ফাল্গুন বুধবার, ১৩২৬ সাল।

## অভিশপ্ত নগরী।

—:—

করুণাময় জগদীশ্বর তাঁহার সৃষ্ট জগতের সর্ব্বপ্রকার মঙ্গলবিধান করিয়া থাকেন। কিন্তু বর্ত্তমানে রঘুনাথগঞ্জে যে করুণাবর্ষণ করিতেছেন তাহাতে তাঁহার দয়াময় নামে আমাদের পাপমন কিছু সন্দিগ্ধ হইয়াছে। এই ক্ষুদ্র নগরে যে প্রকার রোগ ব্যাধি প্রবেশ করিয়াছে তাহাতে প্রতি মুহূর্ত্তে ইহার ধ্বংসের আশঙ্কা হইতেছে। এখানে লোকক্ষয়কারী ম্যালেরিয়া চিরস্থায়ী বন্দোবস্ত করিয়াছিল। গবর্ণমেণ্ট ম্যালেরিয়ার হস্ত হইতে প্রজা রক্ষার জন্য ডাক্তার বেণ্টলীর ড্রেনেজ স্কীম আরম্ভ করিয়াছেন। এই স্কীমের ফল হইতে না হইতে কাল নিউমোনিয়া সংহার মূর্ত্তিতে দেখা দিয়াছে। কয়েকটী সঙ্গতপন্ন পরিবারে এই রোগ প্রবেশ করিয়া অভাবনীয় সংহার আরম্ভ করিয়াছে। লোকে ইহাকে নিউমোনিক প্লেগ নাম দিয়াছে। নিউমনিক প্লেগে মানব তুরন্ত লীলা সম্বরণ করে। আর এই প্লেগে ভুগিয়া ভুগিয়া মরিতেছে। কাজেই ধনক্ষয় ও প্রাণক্ষয় এক সঙ্গেই সংঘটিত হইতেছে জানিনা কোন অভিসম্পাতে রঘুনাথগঞ্জের এবম্প্রকার অবস্থা হইল। তাই বলি হে করুণাময় তোমার এ কেমন করুণা? আমরা জনি "ন দেবাঃ সৃষ্টি নাশকাঃ"। তবে কি আমাদের এ বিশ্বাস ভুল?

## লালগোলা টেকনিক্যাল স্কুল।

—:—

আমাদের দানশীল সহৃদয় লালগোলাধিপ রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় সি. আই, ই, দেশের চাকুরীজীবীর দুর্দ্দশা দেখিয়া যাহাতে লোক শিল্প কর্ম্ম শিক্ষা করিয়া স্বাধীন ভাবে জীবিকা নির্ব্বাহ করিতে পারে তজ্জন্য বহু অর্থ ব্যয়ে স্বীয় রাজবাটীতে একটী শিল্প বিদ্যালয় স্থাপন করিয়াছেন। ইতিমধ্যেই উপযুক্ত কর্ম্মকার, সূত্রধর, বস্ত্র, সতরঞ্চী, কম্বল নির্ম্মাতা নিযুক্ত করিয়া বালকগণকে শিক্ষা দিবার ব্যবস্থা করিয়াছেন। আবার ছাপাখানার কার্য্য শিক্ষা দিবার জন্য মুদ্রাযন্ত্র আনাইয়াছেন। আমরা স্বচক্ষে তাঁহার বিদ্যালয় দেখিয়া আসিয়াছি। আবার সম্প্রতি আমাদের সুযোগ্য জেলা বোর্ডের চেয়ারম্যান রায় বৈকুণ্ঠনাথ সেন, বাহাদুর সি, আই, ই, মহোদয় উক্ত বিদ্যালয়ের কার্য্যাদি পরিদর্শন করিয়া বেশ সন্তুষ্ট হইয়াছেন। আমাদের মতে বালকগণকে সামান্য ইংরাজী ও বাঙ্গালাশিক্ষা দিয়া এই শিল্প শিক্ষা করাইলে আর চাকরীর জন্য পরপদলেহন করিতে হয় না। যেরূপ কাল পড়িয়াছে তাহাতে কেরাণী হওয়া অপেক্ষা শিল্পী হওয়া ভাল। কিন্তু দেশের লোকের রুচি পরিবর্ত্তন হইবে কি?

## রিটার্ণ টিকিট।

—:—

গত সপ্তাহের বঙ্গীয় ব্যবস্থাপক সভায় রায় শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র মিত্র বাহাদুরের প্রশ্নের উত্তরে গবরমেণ্ট পক্ষে মিঃ কাউলী এই মর্ম্মে বলিয়াছেন,—সাধারণ এবং সাপ্তাহিক রিটার্ণ টিকিটের পুনঃপ্রচলন সম্বন্ধে আপনার ইচ্ছার কথা ই, আই, রেলকর্ত্তৃপক্ষকে বলা হইবে। ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ে সাধারণ রিটার্ণ টিকিট পুনঃপ্রচলন করিয়াছেন। কেবল রিটার্ণ টিকিটের পুনঃপ্রচলন নহে, পূর্ব্ববৎ সাধারণ টিকিটের মূল্য অর্থাৎ ভাড়া হ্রাস করাও অবিলম্বে অত্যাবশ্যক। এমন দিন কবে আসিবে যেদিন আবার আমরা রেলকর্ত্তৃপক্ষের কৃপা লাভ করিব।

## নির্ব্বাচন।

—:—

বিগত ৯ই মার্চ্চ তারিখে ইলেক্‌সনে রায় শ্রীযুক্ত অবিনাশচন্দ্র বন্দোপাধ্যায় বাহাদুর বীরভূম ডিষ্ট্রীক্ট বোর্ডের প্রথম বেসরকারী চেয়ারম্যান নিযুক্ত হইয়াছেন। রায় বাহাদুর ও ভূতপূর্ব্ব ভাইসচেয়ারম্যান মৌলভী সামসুজ্জোহা খান বাহাদুর এই দুইজনে চেয়ারম্যান পদের প্রার্থী ছিলেন। খানবাহাদুর সাহেব পাইয়াছিলেন মাত্র বেসরকারী ৫ জন মেম্বরের ভোট আর রায় বাহাদুর বেসরকারী ছয়জনের ও সরকারী চারিজনের মোট দশজনের ভোট পাইয়া চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন। খান বাহাদুর সাহেব ইতিপূর্ব্বেই ভাইস-চেয়ারম্যান পদ পরিত্যাগ করিয়াছিলেন তাই সেই সভায় শ্রীযুক্ত রমাপ্রসন্ন মুখোপাধ্যায় মহাদয় সকলের ভোট পাইয়া ভাইসচেয়ারম্যানের পদে নির্ব্বাচিত হইয়াছেন। এই পদের আর কেহ প্রতিদ্বন্দী ছিলেন না। আমরা আশা করি এই নূতন চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের আমলে বোর্ডের সকল বিষয়ে উত্তরোত্তর উন্নতি দেখিয়া সন্তুষ্ট হইব। 'বীরভূমবার্ত্তা'।

## শোক সংবাদ।

—:—

আমরা গভীর [illegible] দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে রঘুনাথগঞ্জের প্রসিদ্ধ উকিল বাবু আশুতোষ সরকার এম-এ, বি-এল, মহাশয়ের সহধর্ম্মিণী গত মঙ্গলবার সাতটী শিশু সন্তানের করুণ ক্রন্দন উপেক্ষা করিয়া স্বামীর হৃদয় কন্দর শূন্য করতঃ কাল নিউমোনিয়া রোগে ইহধাম ত্যাগ করিয়াছেন। আমরা এই পরলোকগত মহিলার বিষয় যতদুর অবগত আছি তাহাতে তাঁহার গুণের কিঞ্চিৎ প্রশংসা না করিয়া থাকিতে পারিলাম না। আশু বাবু বেশ উপার্জ্জনক্ষম ব্যক্তি। তাঁহার স্ত্রী আধুনিক বাবুদের পত্নীর মত হইলে স্বামী ও সন্তানগণকে বেহারী বা উড়িয়ার রান্না খাইয়া স্বয়ং নিশ্চিন্ত থাকিতে পারিতেন। কিন্তু তিনি তাহা না করিয়া সাবেকী চালে স্বামী ও সন্তানগণের আহার্য্যাদি প্রস্তুত কার্য্যে ও তাহাদের সুখ স্বচ্ছন্দতার জন্য সমস্ত দিন অতিবাহিত করিতেন। এই প্রকার পত্নী বিয়োগে আশু বাবুকে সান্ত্বনা দিবার ভাষা আমাদের নাই। তবে তিনি নিজে জ্ঞানী, তাঁহার মনের দৃঢ়তা যথেষ্ট আছে। আমরা তাঁহার শোকশান্তির জন্য ভগবানের নিকট প্রার্থনা করি।

## পরামাণিক সভা।

—o—

গত পূর্ব্ব মঙ্গলবার গড়ের মাঠে প্রায় দেড়হাজার নাপিত একত্র সমবেত হইয়া এক সভা করিয়াছিল। সভায় মাত্র দুই শত আন্দাজ বাঙ্গালী ও বাকী হিন্দুস্থানী নরসুন্দর ছিল। ওই সভায় তাহারা ক্ষৌর কর্ম্মের ফিঃ বাড়াইয়াছে। ধার্য্য হইয়াছে দাড়ী কামান ফিঃ /০ আনা সাধারণ চুল ছাঁটাই /১০ আনা ঘোড়া ছাঁটাই ইত্যাদি ফ্যাসানে ৷০ আনা।

## সমাজ ন্যাতার 'ভ্যালু'।

—:—

সমাজ সমাজ শুনে শুনে
কাণটা হ'ল ভোঁতা।
খুঁজে কিন্তু পাইনা দেশে
সমাজ আছে কোথা।
যাদের ঘরে পয়সা আছে
আছে জমিদারী।
সব সমাজে নেতা তারা
করেন খুব সরদারী।
বক্তৃতাতে মানুষ ভোলায়
দিয়ে চোকে ধূলো—
সমাজেরই মলদ হচ্ছে
এই জানোয়ার গুলো।
নেমন্তন্নর গন্ধ পেলে
জোটেন সবার আগে
লম্বা লম্বা বুলি ছাড়া
কোন্ কাজে বা লাগে?
ডাক যদি মৃতদেহের
করবারে সৎকার।
বাঁধা বুলি শুনতে পাবে
বৌ পোয়াতি তার।
কেহ বলে শরীর অসুখ,
আফিস হবে বন্ধ।
কেহ বলে সয়না আমার
মরা পোড়া গন্ধ।

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যৎ পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ ;
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১ ;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক ; ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন
করুন।
কবিরাজ—মণিশঙ্কর
গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস
লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে।

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্বপ্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে ;

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ ভরি ৮৲ হিন্দুলোত্থ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সূতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অম্লমেধ ছাত্র, প্রসূতি ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲, হাঁপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৸০ ও ॥০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টির অনন্তারিষ্ট ১ বোতল ১॥০ প্রমেহের চন্দনাসব ও চন্দনাদি চূর্ণ ১ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ /০ ছটাক ॥৶০ অগ্নিমান্দ্যে গন্ধাধরা পাচক ১ কৌটা ১৫ বটী ।০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠ বদ্ধে গন্ধাধরা রেচক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।৴০ ইহাতে আমবাত, কোমরের ব্যথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধ হয়। দন্ত মঞ্জন ১ কৌটা ৵০। দাদের মলম ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয়
ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে।
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা ; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র ; মাশুলাদি ১।৴০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা ; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ।

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র-দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার [illegible] অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার।
(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ